মুয়িয সুজন এর সুস্হতা কামনায় সিলেটের দরগাহ মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক::
সিলেটের বিশিষ্ট ব্যাক্তিত্ব এ এস এ মুয়িয সুজন এর সুস্হতা কামনায় সিলেটে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার (৩১মার্চ) বাদ আছর সিলেটের দরগাহ হযরত শাহজালাল (রঃ) জামে মসজিদে সিলেট মহানগর ও সদর উপজেলা বাসীর পক্ষ থেকে এ দোওয়া মাহফিলের আয়োজন করা হয়। এ মাহফিলে করোনায় আক্রান্ত এ এস এ মুয়িয সুজন এর আশু রোগ মুক্তি কামনা ও দেশ বিদেশে সকলের সুখ শান্তি ও সমৃদ্ধি কামনা করে মহান আল্লাহর কাছে বিশেষ মোনাজাত করা হয়।
এ এস এ মুয়িয সুজন পল্লী শিশু ফাউন্ডেশন অব বাংলাদেশ(পিএসএফ) এর চেয়ারম্যান,ঢাকাস্থ ডেল্টা হসপিটাল লিমিটেড এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান,বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা “প্রতিভা বিকাশ” বাংলাদেশ এর চেয়ারম্যান,আলফা ক্রেডিট রেটিং লিঃ ও আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর চেয়ারম্যান এর দায়িত্ব পালন করছেন। এ ছাড়া তিনি গ্রীন ডেল্টা লাইফ ইন্সুরেন্সের কোম্পানী লিমিটেড এর সাবেক পরিচালক, সাবেক অর্থমন্ত্রী ও বর্তমান পররাষ্ট্রমন্ত্রীর ভাই। অত্যন্ত স্বজ্জন ব্যাক্তিত্ব সিলেটের কৃতি সন্তান, এ এস এ মুয়িয সুজন গত ২৯ মার্চ থেকে করোনাক্রান্ত হয়ে ঢাকা গ্রীণ লাইফ হাসপাতালে চিকিৎসাধীন আছেন।
দরগাহ মসজিদে অনুষ্টিত দোওয়া মাহফিলে অংশগ্রহণ করেন সিলেট জেলা আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক সংসদ সদস্য আলহাজ্ব শফিকুর রহনান চৌধুরী, সিলেট মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক অধ্যাপক জাকির হোসেন, মহানগর আওয়ামীলীগের প্রচার প্রকাশনা সম্পাদক ও সিলেট রেডক্রিসেন্ট সোসাইটির সেক্রেটারি আব্দুর রহমান জামিল,সিলেট জেলা আওয়ামীলীগ নেতা সৈয়দ এফতার হোসেন পিয়ার, সিলেট জেলা যুবলীগের সাধারন সম্পাদক শামীম আহমদ,সিলেট অনলাইন প্রেসক্লাব সভাপতি মুহিত চৌধুরী, সাধারন সম্পাদক মকসুদ আহমদ মকসুদ,সিলেট মহানগর আওয়ামীলীগ নেতা সৈয়দ আব্দু খাবির, সাংবাদিক নাজমুল কবির পাভেল,জহিরুল ইসলাম মিশু,এম এ ওয়াহিদ চৌধুরী প্রমুখ। মিলাদ ও দোওয়া মাহফল পরিচালনা করেন বিশিষ্ট আলেমে দ্বীন,হাফেজ মাওলানা

মাছুম আহমদ দুধরচকী।